

প্রজ্ঞাপন

তারিখ, ৪ঠা আষাঢ়, ১৪০৩ বাৎ/১৮ই জুন, ১৯৯৬ ইং।

এস,আর,ও নং ১০২-আইন/৯৬।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44(4)(b) তে প্রদত্ত ক্ষমতাবলে, এবং এতদুদ্দেশ্যে বিদ্যমান সকল প্রজ্ঞাপন বাতিলক্রমে, সরকার বাংলাদেশের সকল স্টক এক্সচেঞ্জের আয়কে উক্ত Ordinance এর অধীন প্রদেয় কর হইতে অব্যাহতি প্রদান করিল।

Bangladesh Tax Update

www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ডঃ সাঈদত হুসাইন

সচিব।

প্রজ্ঞাপন

তারিখ, ১২ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ/২৬ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৫৭-আইন/আয়কর/২০১৪।—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা ৪ আষাঢ়, ১৪০৩ বঙ্গাব্দ মোতাবেক ১৮ই জুন, ১৯৯৬ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১০২-আইন/৯৬ রহিতক্রমে, স্টক এক্সচেঞ্জ এর আয়কে নিম্নবর্ণিত মেয়াদ ও হারে আয়কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

কর অব্যাহতির মেয়াদ	কর অব্যাহতির হার
প্রথম বৎসর	১০০%
দ্বিতীয় বৎসর	৮০%
তৃতীয় বৎসর	৬০%
চতুর্থ বৎসর	৪০%
পঞ্চম বৎসর	২০%

০২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

Bangladesh Tax Update

www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
সৈয়দ মোঃ আমিনুল করিম
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ০৮ বৈশাখ, ১৪২৩ বঙ্গাব্দ/ ২১ এপ্রিল ২০১৬ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ১০৯-আইন/আয়কর/২০১৬।—Income Tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার এই বিভাগের ১২ আঘাট, ১৪২১ বঙ্গাব্দ/২৬ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৫৭-আইন/আয়কর/২০১৪ এ এতদ্বারা নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের কর অব্যাহতি মেয়াদ সংক্রান্ত কলাম এর দ্বিতীয় লাইনে উল্লিখিত দ্বিতীয় বৎসর এর বিপরীতে “৮০%” সংখ্যা ও চিহ্নের পরিবর্তে “১০০%” সংখ্যা ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান

সচিব।

Bangladesh Tax Update

www.kdroy.com.bd/www.ltr.com.bd

প্রজ্ঞাপন

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ/৩০ জুন, ২০১৫ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৯৫-আইন/আয়কর/২০১৫।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এর আয়কে নিম্নবর্ণিত মেয়াদ ও হারে আয়কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

কর অব্যাহতির মেয়াদ	কর অব্যাহতির হার
প্রথম বৎসর	১০০%
দ্বিতীয় বৎসর	৮০%
তৃতীয় বৎসর	৬০%
চতুর্থ বৎসর	৪০%
পঞ্চম বৎসর	২০%

০২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর হইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)

সচিব

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ০৭ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/২১ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ২০৬-আইন/আয়কর/২০১৭।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ১৬ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ৩০ জুন, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৯৫-আইন/আয়কর/২০১৫ এতদ্বারা রহিত করিল।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ নজিবুর রহমান
সিনিয়র সচিব।